বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশীবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০১২.৪২.০০১.২৫-১২৮৬

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৫ নভেম্বর ২০২৬

২০২৬ সালের আলিম (সাপ্লিমেন্টারি) পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রতি জরুরী নির্দেশনাবলী:

১. আলিম-২০২৬ এর নিয়মিত পরীক্ষার নীতিমালা অনুসরণপূর্বক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট কেন্দ্রের মাদ্রাসা প্রধান হবেন।

২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংযুক্ত ছক) পূরণ করে পূরণকৃত তথ্য ছক জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর প্রতিস্বাক্ষরিত কপি নিম্নস্বাক্ষরকারীর দাপ্তরিক ই-মেইলে আগামী ২৯/১১/২৬ ইং তারিখে প্রেরণ করবেন।

৩. আলিম নিয়মিত পরীক্ষা-২০২৬ এর নীতিমালা সম্পূর্ণ অনুসরণ করে সাপ্লিমেন্টারি পরীক্ষা গ্রহণ করতে হবে।

৪. দ্রুততম সময়ের মধ্যে ট্রেজারিতে/থানা লকারের ট্রাংকে রক্ষিত প্রশ্নপত্র প্যাকেটের সাথে প্রশ্নপত্র বিবরণী তালিকা সঠিকভাবে যাচাই করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট যাচাইকালে সংশ্লিষ্ট ট্রেজারি অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন;

৫. প্রশ্নপত্রের ২ (দুই) সেট পরীক্ষার তারিখ অনুসারে সেটভিত্তিক প্যাকেট আলাদা করে আলাদা Security খামে রেখে সকাল/বিকাল লিখে রাখতে হবে, তবে Security খামের মুখ বন্ধ করা যাবে না;

৬. প্রশ্নপত্রের সেট ক: ইংরেজি ১ম ও ২য় পত্র এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ২ সেট (তিতাস ও কর্ণফুলী);
খ: অন্যান্য সকল বিষয় ১ সেট (তিতাস);

৭. প্রশ্নপত্রের প্যাকেট যাচাই-এর দিনে সংশ্লিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে পরীক্ষার তারিখ ভিত্তিক প্রশ্নপত্রের প্যাকেট সাজিয়ে Security খামের উপর পরীক্ষার তারিখ, বিষয়, বিষয় কোড ও সেট কোড যথারীতি লিখে সংশ্লিষ্ট সেটের প্যাকেট Security খামে রেখে অবশ্যই ট্রাংকে সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে কোনো ত্রুটি পরিলক্ষিত হলে তা ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্ব অবহেলা বলে গণ্য হবে;

৮. পরীক্ষার দিনগুলোতে ট্রেজারি হতে ট্রেজারি অফিসারের উপস্থিতিতে ঐ দিনের প্রশ্নপত্রের ১/২ সেট গ্রহণ করে এবং যাচাই করে Security খামের মুখ বন্ধ করে কেন্দ্রে নিতে হবে;

৯. অত্যন্ত সতর্কতার সাথে থানা/ট্রেজারি হতে Police প্রহরাসহ প্রশ্নপত্রের প্যাকেট (Security খাম) কেন্দ্রে আনতে হবে;

১০. বোর্ড কর্তৃক প্রেরিত এসএমএস মোতাবেক প্রশ্নপত্রের সেট কোড ব্যবহার করতে হবে এবং এসএমএস পাওয়ার পর প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। অব্যবহৃত সেটের প্রশ্নপত্রের খাম অক্ষত অবস্থায় ভারপ্রাপ্ত কর্মকর্তা সংরক্ষণ করবেন;

১১. আলিম সাপ্লিমেন্টারি পরীক্ষার জন্য তিতাস অথবা কর্ণফুলী সেট কোডের মেসেজ প্রেরণ করা হবে। বোর্ড কর্তৃক প্রেরিত মেসেজ মোতাবেক পরীক্ষা গ্রহণ না করলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন/ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। ছবি তোলা যায় না এমন মোবাইল ফোন কেবলমাত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহার করতে পারবেন;

১৩. কোন কেন্দ্রে আসন অনুপাতে পরীক্ষার্থীর সংখ্যা বেশি হলে উক্ত কেন্দ্রের পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানকে সাব-সেন্টার করে পরীক্ষা গ্রহণ করা যাবে;

১৪. প্রতি ২০ জন পরীক্ষার্থীর জন্য ১ জন কক্ষ প্রত্যবেক্ষক পরীক্ষা কক্ষে দায়িত্ব পালন করবেন। প্রতিটি কক্ষে কমপক্ষে ২ (দুই) জন করে দায়িত্ব পালন করবেন। এখানে উল্লেখ্য যে, পরীক্ষার্থী ছাত্রী হলে ঐ কক্ষে একজন মহিলা শিক্ষক কক্ষ প্রত্যবেক্ষকের দায়িত্ব পালন করবেন;

১৫. কোন ক্রমেই কেন্দ্রস্থিত মাদ্রাসার পরীক্ষার্থীর কক্ষে ঐ মাদ্রাসার শিক্ষক কক্ষ প্রত্যবেক্ষকের দায়িত্ব পালন করতে পারবে না।

১৬. কমপক্ষে ৩ ফুট দূরত্ব বজায় রেখে পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা করতে হবে। প্রতিটি বেঞ্চে দুই জনের বেশি পরীক্ষার্থী বসতে পারবেনা;

১৭. পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবশ্যই প্রবেশ করানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সময়ের পর কোনো পরীক্ষার্থী আসলে ভারপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ বিবেচনায় দেরির কারণ লিপিবদ্ধ করে প্রবেশের অনুমতি দিতে পারবেন;

১৮. পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষা কেন্দ্রের বাইরে পরীক্ষার্থী, অভিভাবক বা অন্য কেউ যাতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজন হলে হ্যান্ড মাইক ও সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করতে হবে;

১৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা তাঁর কেন্দ্রের আওতাভুক্ত মাদ্রাসাসূহের প্রবেশপত্র মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে প্রিন্ট করে অতিদ্রুত প্রতিটি মাদ্রাসা প্রধানের নিকট হস্তান্তর নিশ্চিত করবেন;

২০. পরীক্ষার্থীর প্রবেশপত্রে কোনো ত্রুটি থাকলে তা দ্রুততম সময়ের মধ্যে শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট শাখা হতে সংশোধন করতে হবে;

২১. ত্রুটিপূর্ণ উত্তরপত্র পরীক্ষার্থীদের নিকট সরবরাহ করা যাবে না;

২২. পরীক্ষার্থীর হাজিরা শিটে উপস্থিতির স্বাক্ষর নিতে হবে। কোনো পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে তারিখ ও বিষয় লাল কালি দ্বারা অনুপস্থিত লিখে দিতে হবে;

২৩. বিষয় অনুসারে ৫০টি করে উত্তরপত্র করোগেটেড শিটে প্যাকেট করতে হবে;

২৪. নির্দিষ্ট তারিখে পরীক্ষার সময়সূচি মোতাবেক পরীক্ষা নিতে হবে। উত্তরপত্র নিয়মিত/অনিয়মিত আলাদা করে হলুদ কাপড়ে মুড়িয়ে প্যাকেটের উপর নিয়মিত/অনিয়মিত লিখে **(জি,ই,পি) ডাকযোগে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ডাকঘর: পোস্তা, ঢাকা -১২১১** ঠিকানায় প্রেরণ করতে হবে;

২৫. পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরপত্র পরিবহন কাজে পুলিশের সংশ্লিষ্টতা থাকতে হবে;

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৫/৩/২৬

প্রফেসর মোঃ ফারুক আহম্মেদ
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা
আলিম (সাপ্লিমেন্টারি) পরীক্ষা-২০২৬ এর সকল কেন্দ্র।